

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৫৮

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি ওজর ছাড়াই ইচ্ছাকৃতভাবে সালাত আদায় না করলে, এর মাধ্যমে সেই ব্যক্তির ব্যাপারে এমন কুফর ব্যবহার করাকে আবশ্যক করে না, যা তাকে ইসলাম থেকে বের করে দিবে- এই ব্যাপারে ষষ্ঠ হাদীস

ذِكْنُ خَبَرٍ سَادِسٍ يَدُلُّ عَلَى أَنَّ تَارِكَ الصَّلَاةِ مُتَعَمِّدًا مِنْ غَيْرِ عُذْرٍ لَا يُوجِبُ عَلَيْهِ ذَلِكَ إِطْلَاقُ الْكُفْرِ الَّذِي يُخْرِجُهُ عَنْ مِلَّةِ الْإِسْلَام بِهِ

## আরবী

1458 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ عَنْ سُلَيْمَانَ بْنِ الْمُغِيرَةِ عَنْ ثَابِتٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَبَاحٍ عَنْ أَبِي قَتَادَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَيْسَ فِي النَّوْمِ تَفْرِيطٌ إِنَّمَا التَّفْرِيطُ عَلَى مَنْ لَمْ يُصلِّ الصَّلَاةَ حَتَّى يَجِيءَ وَقْتُ صَلَّ الْمُدرَى)

الراوي: أبو قَتَادَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1458 ا خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: فِي إِطْلَاقِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (التَّفْرِيطَ) عَلَى مَنْ لَمْ يُصلِّ الصَّلَاةَ حَتَّى دَخَلَ وَقْتُ صَلَاةٍ أُخْرَى بَيَانٌ وَاضِحٌ أَنَّهُ لَمْ يَكْفُرْ بِفِعْلِهِ ذَلِكَ إِذْ لَوْ كَانَ كَذَلِكَ لَمْ يُطْلِقْ عَلَيْهِ اسْمُ التَّأْخِيرِ وَالتَّقْصِيرِ دُونَ إِطْلَاقِ الْكُفْرِ.

## বাংলা

১৪৫৮. আবৃ কাতাদা রাদ্মাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "নিশ্চয়ই ঘুমের কারণে সালাত বিলম্ব করা হলে, সেটি অবহেলা হিসেবে বিবেচিত হয় না। বস্তুত অবহেলা হলো সেই ব্যক্তির উপর প্রযোজ্য হয়, যে ব্যক্তি সালাত আদায় করে না, এভাবে আরেক সালাতের ওয়াক্ত চলে আসে।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "যেই সালাত আদায় করে না, এমনকি আরেক সালাতের ওয়াক্ত



চলে আসে, এমন ব্যক্তির ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম 'অবহেলাকারী' শব্দ ব্যবহার করেছেন। এখানে সুস্পষ্ট দলীল রয়েছে এই মর্মে যে, এমন কাজ সম্পাদনকারী কাফির বিবেচিত হবে না। যদি তা-ই হতো তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার ব্যাপারে 'কুফর' শব্দ ব্যবহার না করে 'অবহেলাকারী' এই জাতীয় শব্দ ব্যবহার করতেন না।"

## ফুটনোট

[1] নাসাঈ: ১/২৯৪; সহীহ মুসলিম: ৬৮১; আবূ দাউদ: ৪৪১; ইবনুল জারূদ: ১৫৩; দারাকুতনী: ১/৩৮৬; আবূ আওয়ানা: ২/২৫৭; সুনান বাইহাকী: ১/৪০৪; মুসনাদ আহমাদ: ৫/২৯৮; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪০১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৩৯; তিরমিযী: ১৭৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৮৯; মুসান্নাফ আব্দুর রায্যাক: ২২৪০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন